

গেমিং অ্যাপস “আমার বঙ্গবন্ধু” সম্পর্কে ভার্চুয়াল আলোচনা শেষে উপাচার্যের
সাথে বিএনসিসি সৌজন্যে সাক্ষাৎ



মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের
সম্মেলন কক্ষে গত ১৬ জানুয়ারি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং বিএনসিসি
অধিদপ্তর এর যৌথ উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন বৃত্তান্ত ও জীবনাদর্শ নিয়ে
নির্মিত “আমার বঙ্গবন্ধু” শীর্ষক গেমিং অ্যাপস এর উদ্বোধন করা হয়।

এ উপলক্ষে ১০ ফেব্রুয়ারি ২০২২, বৃহস্পতিবার রমনা রেজিমেন্ট কর্তৃক আয়োজিত
ভার্চুয়াল আলোচনা সভা শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনেন্ট
ক্যাডেটবৃন্দ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের সাথে তার
কার্যালয় সৌজন্যে সাক্ষাৎ করেন। এসময় পিইউও আতিয়ার রহমান, সিইউও মোঃ
মামুন শেখ, আর্মি স্টাফ এবং বিএনসিসি ক্যাডেটবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য “আমার বঙ্গবন্ধু” অ্যাপ এর মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনী ডিজিটাল প্লার্টফর্মে
সহজ ভাবে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। এই গেমিং অ্যাপটি ব্যবহারে বঙ্গবন্ধুর
দেশপ্রেম, আদর্শ এবং নেতৃত্বের গুনাবলিতে বলীয়ান হওয়ার পাশাপাশি
আত্মবিশ্বাসী একটি জাতি গঠন করা সম্ভব হবে।

আমার বঙ্গবন্ধু মোবাইল গেমিং অ্যাপটি বাংলা এবং ইংরেজি ভাষায় তৈরী এমন
একটি গেম যা খেলার মাধ্যমে একজন ব্যক্তি বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনী সহজ ভাবে

জানতে পারবে এবং বঙ্গবন্ধু আদর্শে দেশপ্রেম তথা নেতৃত্বের গুণাবলিতে উজ্জ্বলিত হবে।

বঙ্গবন্ধুর অবিনাশী চেতনা ও আদর্শ জীবনী প্রজন্ম থেকে প্রজন্মান্তরে ডিজিটাল প্ল্যাটফর্মে ছড়িয়ে দেয়ার জন্য বাংলা এবং ইংরেজিতে তৈরী করা হয়েছে অ্যাপ ভিত্তিক গেম “আমার বঙ্গবন্ধু”। গেমটি সবার নিকট ছড়িয়ে দেয়ার জন্য বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সার্বিক সহায়তা প্রদান করেছে। সর্বপ্রথমে এন্ড্রয়েড গেমিং অ্যাপ “আমার বঙ্গবন্ধু ” ডাউনলোড করে মোবাইলে ইন্সটল করতে হবে। ইন্সটল করে গেমসটি চালু করার পরে ইন্টারফেস আসবে। যেখানে একজন প্রতিযোগীকে ব্যক্তিগত তথ্য প্রদান করে তালিকাভুক্ত হতে হবে। গেমসটি খেলাকালীন দুটি সময় গণনা করার মাধ্যমে বিজয়ী নির্ণয় করা হবে। সেইক্ষেত্রে এই সময় গননা একটি ডাটাবেস সার্ভারে জমা হবে এবং সেখান থেকে ওয়েব ইন্টারফেস এর মাধ্যমে তা জানা যাবে। অতঃপর বিভিন্ন পর্যায়ে খেলে সফল প্রতিযোগীরা জাতীয় পর্যায়ে পুরস্কার লাভে সক্ষম হবে।

“আমার বঙ্গবন্ধু” গেমিং অ্যাপস শীর্ষক অনুষ্ঠান উপলক্ষে এক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ১৬ জানুয়ারি থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতাটিতে আগামী ২৬ মার্চ রাত ১২ টা পর্যন্ত অংশগ্রহণ করা যাবে।